

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 28-02-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজস্থানের আজমির সফর করবেন। শ্রী মোদী ১৬ হাজার ৬৮০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উল্লয়ন প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এই উপলক্ষে তিনি একটি জনসমাবেশে ভাষণ দেবেন। প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা জোরদার এবং নারীকল্যাণ ও অগ্রগতির লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে, প্রধানমন্ত্রী ১৪ বছর বয়সী মেয়েদের জরায়ুর ক্যান্সার প্রতিরোধের জন্য এইচ.পি.ভি টিকাকরণের জন্য দেশব্যাপী একটি প্রচারণা শুরু করবেন। আজ প্রধানমন্ত্রী বেশ কয়েকটি জাতীয় মহাসড়ক প্রকল্পের উদ্বোধন করবেন। তাছাড়া তিনি রাজস্থানের বিভিন্ন সরকারি বিভাগ এবং সংস্থায় নবনিযুক্ত ২১ হাজার ৮০০ জনেরও বেশি যুবাদের নিয়োগপত্র বিতরণ করবেন।

\*\*\*\*\*

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল রাজস্থানের জয়সলমীর বিমান বাহিনী স্টেশনে দেশীয়ভাবে তৈরি হালকা যুদ্ধ হেলিকপ্টার 'প্রচণ্ড'-তে আকাশপথে সফর করেন। ভারতীয় বিমান বাহিনীর কর্মকর্তারা রাষ্ট্রপতিকে হেলিকপ্টারের কার্যকারিতা সম্পর্কে অবহিত করেন। রাষ্ট্রপতি বিমান বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন এবং ভারতের দেশীয় প্রতিরক্ষা উৎপাদন বাস্তুতন্ত্রকে শক্তিশালী করার জন্য জড়িত বিজ্ঞানী, প্রকৌশলী এবং কর্মীদের প্রচেষ্টার প্রশংসা করেন।

\*\*\*\*\*

## **Vice President :**

ভারতের উপ-রাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ, আজ থেকে দুই দিনের কেerala সফর করবেন। সফরের প্রথম দিনে, উপ-রাষ্ট্রপতি সেন্ট বার্চম্যানস কলেজের শতবর্ষ উদযাপনের সমাপনী অনুষ্ঠানে যোগ দেবেন। আগামীকাল তিনি ত্রিশুরের দেবমাথা সিএমআই পাবলিক স্কুলে চেতনা গণাশ্রমের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। তিনি তিরুবনন্তপুরমের সেন্ট স্টিফেনস হাই স্কুলের শতবর্ষ উদযাপনেও যোগ দেবেন।

\*\*\*\*\*

## **PM-RAHAT SCHEME :**

সড়ক দুর্ঘটনাগ্রস্ত ব্যক্তিদের নগদহীন দেড় লক্ষ টাকা চিকিৎসার সুবিধা প্রদানের জন্য প্রধানমন্ত্রী রাহাত প্রকল্প গতকাল থেকে রাজ্যে কার্যকর হয়েছে। পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে জানান, এ প্রকল্প অনুযায়ী সড়ক দুর্ঘটনায় আহতদের প্রত্যেককের জন্য দুর্ঘটনার দিন থেকে সর্বোচ্চ সাত দিনের মধ্যে রাজ্যের অনুমোদিত সরকারি ও বেসরকারি ১৪১টি হাসপাতালে এই সুবিধা পাওয়া যাবে।

\*\*\*\*\*

## **TTAADC-Polling Station :**

রাজ্য নির্বাচন কমিশন আসন্ন এডিসি নির্বাচনের জন্য ২৮টি নির্বাচনী ক্ষেত্রের খসড়া ভোটার তালিকা গতকাল প্রকাশ করেছে। গতকাল থেকেই খসড়া ভোটার তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহণের কাজ শুরু হয়েছে। তা চলবে আগামী ৬ই মার্চ পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে ১০ই মার্চ। এডিসি নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী ১৩ই মার্চ। এডিসি'র ২৮টি আসনে খসড়া ভোটার তালিকায় মোট ভোটার রয়েছে ৯ লক্ষ ৬৬ হাজার ৬২ জন। এরমধ্যে পুরুষ ভোটার ৪ লক্ষ ৮৩ হাজার ৯৯৮ জন, মহিলা ভোটার ৪ লক্ষ ৮২ হাজার ৫৯ জন। তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছে ৫ জন।

\*\*\*\*\*

## **Child Marriage Free India Campaign :**

ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের তত্ত্বাবধানে ত্রিপুরা সরকারি আইন কলেজের কনফারেন্স হলে গতকাল 'বাল্য বিবাহ মুক্ত ভারত অভিযান' বিষয়ে এক সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা বাল্য বিবাহ নিষিদ্ধকরণ আইন, ২০০৬-এর বিভিন্ন বিধান এবং কমিশনের কার্যকারিতা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

\*\*\*\*\*

## **Dhalai Visit :**

গ্রামীণ ও প্রাথমিক স্বাস্থ্য পরিষেবার মান খতিয়ে দেখতে গতকাল ধলাই জেলার হারেরখোলা আয়ুষ্কান আরোগ্য মন্দির পরিদর্শন করেন নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান সুমন বেরি। এক উচ্চপর্যায়ের প্রতিনিধি দলসহ তিনি এই কেন্দ্রটির স্বাস্থ্য পরিষেবা ও পরিকাঠামো সরেজমিনে পর্যবেক্ষণ করেন। পরিদর্শনকালে তিনি সাধারণ মানুষের জন্য উপলব্ধ ওষুধের মজুদ ও রোগ নির্ণয় ব্যবস্থার খোঁজ নেন। পরে তিনি স্বাস্থ্যকর্মী এবং আশা কর্মীদের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন।

\*\*\*\*\*

## **TBSE :**

৯ ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চমাধ্যমিক পরীক্ষার গতকাল ছিলো বাংলা, হিন্দি, ককবরক, মিজো ভাষার পরীক্ষা। রাজ্যের সবকটি পরীক্ষা কেন্দ্রে শান্তিপূর্ণ ভাবে পরীক্ষা সম্পন্ন হয়। সারা রাজ্যে পরীক্ষায় বসেছিলো ২৪,৮২১ জন পরীক্ষার্থী। অনুপস্থিতির সংখ্যা ২০০ জন। গতকাল পর্ষদ সভাপতি ড. ধনঞ্জয় গণচৌধুরী এবং সচিব ড. জয়দীপ ভট্টাচার্য বিভিন্ন বিদ্যালয় পরিদর্শন করেন।

\*\*\*\*\*

## **Fish Knowledge Center :**

মৎস্য দপ্তরের উদ্যোগে গতকাল আমবাসা মহকুমার সাড়ে চার মাইল এলাকায় গড়ে ওঠা মৎস্যচাষ জ্ঞানার্জন কেন্দ্রের উদ্বোধন করেন আমবাসা বি.এ.সি.র চেয়ারম্যান পরিমল দেববর্মা। এই কেন্দ্রটি উদ্বোধনের ফলে মৎস্য চাষীদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা হবে, যার মধ্য দিয়ে আগামীদিন মাছের উৎপাদন বাড়বে।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*